মেহেরপুরে ফেনসিডিল ও গাঁজাসহ মাদক কারবারী গ্রেফতার

৯৩ বোতল ভারতীয় ফেনসিডিল ও প্রায় ৩ কেজি গাঁজাসহ এলাকার শীর্ষ মাদক ব্যবসায়ী জামাল উদ্দিন(৪৭) কে গ্রেফতার করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটলিয়ন (র্যাব-১২) সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্প। গ্রেফতারকৃত জামাল উদ্দিন গাংনী উপজেলার মাইলমারী গ্রামের মাহাতাব আলীর ছেলে।

র্যাব-১২ সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্পের কমান্ডার সহকারী পুলিশ সুপার মনিরুজ্জামানের নেতৃত্বে একটি টিম শনিবার (২৪ ফেব্রুয়ারি) ভোররাতের দিকে হিজলবাড়িয়া গ্রামের একটি ইটভাটার সামনে অভিযান চালিয়ে তাকে ফেনসিডিল ও গাঁজাসহ গ্রেফতার করেন।

শনিবার বেলা ১২ টার সময় র্যাব-১২, সিপিসি মেহেরপুর ক্যাম্পে সাংবাদিকদের সাথে প্রেসব্রীফ করে এই তথ্য জানান কমান্ডার মনিরুজ্জামান।

এসময় পিও মাহাতাব উদ্দিন, সার্জেন্ট মোহাম্মদ উল্লাহ, সিনিয়র ওয়ারেন্ট অফিসার হুমায়ূন কবীর, নায়েক শামীম আহমেদ উপস্থিত ছিলেন। র্যাব-১২ সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্পের কমান্ডার সহকারী পুলিশ সুপার মনিরুজ্জামান বলেন, মাদকের একটি চালান পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়।

অভিযানে জামাল উদ্দিন গ্রেফতার হলেও অন্য দুইজন আসামি মাইলমারী গ্রামের বিলপাড়া এলাকার আব্দুস সালাম মন্ডলের ছেলে মহিবুল ইসলাম
(৩৬) ও হিজলবাড়িয়া উত্তরপাড়া এলাকার ফরিদ উদ্দিনের ছেলে জাহাঙ্গীর আলম পালিয়ে যায়।

এঘটনায় র্যাবের পক্ষ থেকে গাংনী থানায় ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণির ১৯(ক)/১৪(গ)৪১ ধারায় একটি মামলা দায়ের করা হয়েছে। মামলার নং ২৮, তারিখ ২৪/০২/২৪ ইং।

গ্রেফতারকৃত জামালের বিরুদ্ধে এর আগেও মাদক আইনে দুটি মামলা আদালতে বিচারাধীন রয়েছে। এছাড়া পলাতক আসামি মহিবুল ইসলাম ও জাহাঙ্গীর আলমের বিরুদ্ধেও একাধিক মামলা রয়েছে বলে জানা গেছে।

কুষ্টিয়ায় অর্ধকোটি টাকার কোকেনসহ বাস জব্দ

কুষ্টিয়ার দৌলতপুরে ৯৮৫ গ্রাম কোকেন উদ্ধার করেছে বিজিবি। আজ শনিবার দুপুরে উপজেলার মথুরাপুর বাস স্ট্যান্ড বাজারে যাত্রীবাহী বাসে তল্লাশি চালিয়ে বিপুল পরিমাণ এ মাদক উদ্ধার করা হয়।

বিজিবি সূত্র জানায়, বাস যোগে মাদক পাচারের গোপন সংবাদ পেয়ে ৪৭বিজিবি ব্যাটালিয়ন অধিনস্থ প্রাগপুর বিজিবি ক্যাম্পের ইনচার্জ হাবিলদার নজরুল ইসলামের নেতৃত্বে বিজিবি’র টহল দল মথুরাপুর বাজারে কুষ্টিয়া থেকে ছেড়ে আসা প্রাগপুরগামী যাত্রীবাহী রোহান পরিবহনে তল্লাশি অভিযান চালায়।

এসময় মালিক বিহীন প্যাকেটজাত অবস্থায় ৯৮৫ গ্রাম কোকেন উদ্ধার করে যার মূল্য ৪৯ লক্ষ ২৫টাকা বলে বিজিবি সূত্র নিশ্চিত করেছে।

উদ্ধার করা মাদক সংশ্লিষ্ট দফতরে জমা দিয়েছে বিজিবি।

মেহেরপুরে প্রায় ৪ কেজি গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন র্যাব—১২ মেহেরপুর ক্যাম্প অভিযান চালিয়ে ৩ কেজি ৯শ গ্রাম গাঁজাসহ সেলিম সর্দার (৩৮) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

আটক মাদক ব্যবসায়ী সেলিম সর্দার কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার পিপলবাড়িয়া গ্রামের লুৎফর সর্দারের ছেলে।

আজ বৃহস্পতিবার (৭ সেপ্টেম্বর) সকাল ১০ টার দিকে গাংনী উপজেলার

সীমান্তবর্তি কাজিপুর গ্রামে অভিযান চালিয়ে তাকে গাঁজাসহ আটক করেন। এসময় তার ব্যবহৃত বিদ্যুৎ চালিত ইজিবাইক ও একটি মোবাইল ফোন জব্দ করা হয়েছে।

র্যাব—১২ সিপিসি—৩ এর মেহেরপুর ক্যাম্প কমান্ডার সহকারি পুলিশ সুপার মনিরুজ্জামান এই তথ্য নিশ্চিত করে বলেছেন, গোপন সংবাদের ভিত্তিবতে কাজিপুর এলাকায় অভিযান চালিয়ে গাঁজাসহ সেলিম সর্দারকে আটক করা হয়েছে। এঘটনায় গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে সোপর্দ করা হয়েছে।

গাংনীর সহগলপুরে হেরোইনসহ দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীর উপজেলার সহগলপুরে ৪ গ্রাম হেরোইনসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে ধলা পুলিশ ক্যাম্প।

বুধবার রাতে আটকের বিষয়টি নিশ্চিত করেছেন ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) তৈৗহিদুল ইসলাম।

বুধবার রাতে সহগলপুরে ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) তৈৗহিদুল ইসলামের নেতৃত্বে সঙ্গিও ফোর্সসহ অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। আটক কৃতরা হলেন,গাড়াবাড়ীয়া গ্রামের আঃ রাজ্জাকের ছেলে রাজীব (২৩) ও আমির আলির ছেলে শাওন (১৯) । তারা দুজনেই চিহ্নিত মাদক ব্যবসায়ী বলে জানিয়েছে পুলিশ।

পুলিশ জানায়, প্রকাশ্যে হেরোইন বিক্রি করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করা হয়। এসময় পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টাকালে তাকে আটক করে, দেহ তল্লাশি করে ৪ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) তৈৗহিদুল ইসলাম জানান, মাদক বিক্রির সময় হাতে নাতে তাদের আটক করা হয়েছে। তাদের বিরুদ্ধে গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে আদালতে

প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে ২০ গ্রাম হেরোইনসহ তিন মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর শহরের কোর্টপাড়ায় অভিযান চালিয়ে ২০ গ্রাম হেরোইনসহ তিন মাদক ব্যবসায়ীকে আটক করেছে সদর থানা পুলিশ।

গতকাল রবিবার সদর থানার ওসি তদন্ত সেলিম জাহাঙ্গীরের নেতৃত্বে পুলিশের একটি টিম এ অভিযান পরিচালনা করেন। অভিযানে এস আই তাওহীদুল ইসলাম, এ এস আই শাকিল খান, এ এস আই মাহবুব আলম, এ এস আই ফেরদৌস অংশ নেন।

আটক আসামীরা হলেন- ভূমি অফিস পাড়ার আমিরুল মীরের ছেলে জনি মীর (৩৪), মীলন মীর এবং নতুন পাড়ার আনারুল ইসলামের ছেলে সাকিব (২৭)। এদের মধ্যে জনির নিকট থেকে ৮ গ্রাম, সাকিবের নিকট থেকে ৬ গ্রাম এবং মিলন মীরের নিকট থেকে ৬ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। পরে তাদের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করা হয়েছে।

গাংনীতে ১৭ বোতল ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দি পশ্চিমপাড়ায় অভিযান চালিয়ে ১৭ বোতল ফেন্সিডিলসহ বাশারুল ইসলাম নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে র্যাব -১২ মেহেরপুর ক্যাম্পের সদস্যরা।

শুক্রবার সকাল সোয়া ১০টার দিকে মেহেরপুর র্যাব ক্যাম্পের কমাণ্ডার সিনিয়র সহকারী পুলিশ সুপার গোলাম ফারুকের নেতৃত্বে

র্যাবের একটি টিম এ অভিযান পরিচালনা করেন। গ্রেফতারকৃত আসামী মো: বাশারুল ওরফে বাশার বিশ্বাস গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের আনারুল ইসলাম বিশ্বাসের ছেলে।

এ সময় তার নিকট থেকে মাদক-ক্রয় বিক্রয়ের কাজে ব্যবহৃত ০১টি মোটর সাইকেল, ০২টি মোবাইল ফোন জব্দ করা হয়।

র্যাব জানায়, মাদক ব্যবসায়ী বাশার দীর্ঘদিন যাবৎ আইন প্রয়োগকারী সংস্থার চোখ ফাঁকি দিয়ে মেহেরপুর জেলাসহ পাশ্ববর্তী জেলার বিভিন্ন এলাকায় অবৈধ নেশাজাতীয় মাদকদ্রব্য বিভিন্ন মাদকসেবীর নিকট ক্রয় বিক্রয় করে আসছিল। গ্রেফতারকৃত আসামীর মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে মাদক ব্যবসায়ীর হামলায় র্যাব কর্মকর্তা জখম: গুলিবিদ্ধ অবস্থায় হামলাকারী আটক

মেহেরপুরের গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামে মাদক ব্যবসায়ীর হাসুয়ার কোপে র্যাবের এসআই আহত। অপরদিকে র্যাবের গুলিতে হামলাকারী মাদক ব্যবসায়ী গুলিবিদ্ধ হয়েছে। র্যাব এ ঘটনায় ৫৭ বোতল ফেনি্সিডিলও উদ্ধার করেছে।

গতকাল মঙ্গলবার বিকাল পৌণে ৪ টার দিকে হাড়াভাঙ্গা গ্রামের বাগানপাড়ার মাঠ নামক স্থানে এই ঘটনা ঘটে।

আহত র্যাবের এসআই উত্তম কুমার র্যাব-১২ সিপিসি মেহেরপুর ক্যাম্পে কর্মরত এবং আহত হামলাকারী আনোয়ার হোসেন সুইট হাড়াভাঙ্গা গ্রামের আব্দুল হামিদের ছেলে। সে দেড় বছর আগে সৌদি আরব থেকে দেশে ফিরেছেন।

স্থানীয়রা জানান, বিকেল পৌনে ৪ টার দিকে র্যাব-১২, সিপিসি মেহেরপুর ক্যাম্পের একটি টিম এসআই উত্তম কুমারের নেতৃত্বে বাগানপাড়া এলাকার ভিটের মাঠে অভিযান চালায়। এসময় সুইট হাসুয়া হাতে করে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। ভিটের মাঠ নামক স্থানে পৌছানোর পর ধারালো হাসুয়া দিয়ে এসআই উত্তম কুমারের মাথায় পিঠে ও অন্যান্য স্থানে উপর্যুপুরি কুপিয়ে আহত করেন। অন্যান্য র্যাব সদস্যরা তাকে লক্ষ করে কয়েক রাউন্ড গুলি ছুঁড়লে সুইটের দু পায়ে ও হাতে ৪টি গুলিবিদ্ধ হয়। পরে গুলিবিদ্ধ অবস্থায় সুইটকে আটক করেন র্যাব সদস্যরা।

স্থানীয় কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মু. আলম হুসাইন বলেন, ঘটনার সময় র্যাবের পক্ষ থেকে কমপক্ষে ৯ রাউন্ড গুলি করা হয়েছে বলে প্রত্যক্ষদর্শিরা আমাকে জানিয়েছে। সুইটের দুই পায়ে ও হাতে ৪টি গুলিবিদ্ধ হয়েছে।

র্যাব-১২, সিপিসি মেহেরপুর ক্যাম্প কমান্ডার সিনিয়র এএসপি গোলাম ফারুক জানায়, ফেনসিডিলের একটি চালান বেচাকেনা চলছে এমন সংবাদের ভিত্তিতে সেখানে র্যাব-১২ এর একটি টিম অভিযান চালাতে যায়। র্যাবের উপস্থিতি টের পেয়ে র্যাবের উপর ধারালো অস্ত্র নিয়ে হামলা চালায় সুইট। র্যাবের পক্ষ থেকেও আত্মরক্ষার্থে কয়েক রাউন্ড গুলি চালানো হয়েছে। এক পর্যায়ে গুলিবিদ্ধ সুইটকে ফেনসিডিলসহ আটক করা হয়েছে।

বর্তমানে র্যাবের উপপরিদর্শক (এসআই) উত্তম কুমার ও গুলিবিদ্ধ সুইটকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

মেহেরপুরে চেক জালিয়াতিসহ বিভিন্ন মামলায় গ্রেফতার-৩

মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশের নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৩ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে মুজিবনগর থানা পুলিশের অভিযানে চেক জালিয়াতি মামলার

আসামি গোপালপুর গ্রামের হাসান রাজার ছেলে হাসান কবীর (৩৫) কে গ্রেফতার করেন। অপর দিকে সদর থানা পুলিশের অভিযানে ২০০ গ্রাম গাঁজাসহ একজন ও আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলার ১ জন পলাতক আসামি গ্রেফতার করেছে।

মঙ্গলবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে পুলিশের একাধিক টিম আজ বুধবার (২৪ মে) ভোররাত পর্যন্ত পৃথক অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল অভিযানে নেতৃত্ব দেন।

গ্রেফতারকৃত আসামিদের আজ বুধবার (২৪ মে) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে ৬ গ্রাম হেরোইনসহ চিহিৃত মাদক ব্যবসায়ী গ্রেফতার

মেহেরপুর শহরের হালদারপাড়ায় অভিযান চালিয়ে ৬ গ্রাম হেরোইনসহ সঞ্জিত নামের এক চিহিৃত মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে পুলিশ।

মঙ্গলবার দিবাগত রাতে সদর থানার ওসি সাইফুল ইসলামের নেতৃত্বে পুলিশের একটি দল তাকে হালদার পাড়া থেকে তাকে গ্রেফতার করে। মাদক ব্যবসায়ী সঞ্জিত হালদার পাড়ার মৃত দীলিপ বাঁশফোড়ের ছেলে।

সদর থানার ওসি সাইফুল ইসলাম জানান, এলাকার চিহিৃত মাদক ব্যবসায়ী সঞ্জিত। এলাকার যুব সমাজকে নষ্ট করার মূল হোতা সে। তার বিরুদ্ধে মাদ্রক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

মেহেরপুর শহরে পুলিশের অভিযান ৮ মাদকসেবি আটক

মেহেরপুর শহরে মাদক বিরোধী অভিযান চালিয়ে ৮ মাদকসেবিকে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নেতৃত্বে পুলিশের পৃথক টিম আজ সোমবার (৮ মে) সকাল থেকে বিকাল পর্যন্ত মেহেরপুর শহরের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামিদের আটক করা হয়।

আটকরা হলেন, মেহেরপুর শহরের ক্যাশবপাড়া এলাকার ইসমাইল হোসেন ওরফে আহার আলীর ছেলে জনি হোসেন (২৬), একই এলাকার আব্দুল মতিনের ছেলে শাকিল হোসেন (১৯), বেড়পাড়া এলাকার আব্দুল হামিদ বিশ্বাসের ছেলে রনি বিশ্বাস (৩৬), সদর উপজেলার গোভীপুর গ্রামের ইন্নাল বিশ্বাসের ছেলে আব্দুস সালাম ওরফে লাল মিয়া (৫০), ফতেপুর গ্রামের পাচু মিয়ার ছেলে শহিদুল ইসলাম (৪৮), মেহেরপুর শহরের ঘোষপাড়া এলাকার কুতুব উদ্দীনের ছেলে রেজাউল ইসলাম (২৪), নতুনপাড়া এলাকার মোমিন সর্দারের ছেলে আবু বক্কর ওরফে ইলু (২৯)ও একই পাড়ার জয়নাল হোসেনের ছেলে লিটন (৩৬)।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, শহরের বিভিন্ন স্থানে পুলিশ অভিযান চালিয়ে এসব মাদকসেবিদের আটক করা হয়েছে।
আটক মাদক সেবিদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আজ সোমবার বিকালে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।